অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/8/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো জেনেভাতে সাশ্রয়ী হাউজিং আপগ্রেড ও সম্প্রসারণের জন্য 45 মিলিয়ন ডলার অর্থ সাহায্যের কথা ঘোষণা করেছেন

বিনিয়োগটি জেনেভা হাউজিং অথোরিটিতে (Geneva Housing Authority) 215টি বাড়ির দীর্ঘকালীন সাশ্রয়যোগ্যতা পুনর্বাসন ও সংরক্ষণ করবে

"ফিঙ্গার লেকস ফরোয়ার্ড (Finger Lakes Forward)" সম্পূরক বিনিয়োগ - কমিউনিটিসমূহকে পুনরুজ্জীবিত করার এবং অর্থনীতিকে শক্তিশালী করার লক্ষ্যে এই অঞ্চলের সার্বিক কৌশল

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ জেনেভা হাউজিং অথোরিটির মধ্যে 215টি সাশ্রয়ী বাড়ি আপগ্রেড ও সংরক্ষণ করার জন্য 45 মিলিয়ন ডলার অর্থ যোগান দেওয়ার কথা ঘোষণা করেছেন। অর্থায়নের চুক্তিটি যুক্তরাষ্ট্রীয় সরকারী আবাসন পুনরুজ্জীবিত করার জন্য স্টেটের প্রচেষ্টার এবং HUD এর ভাড়া সহায়তা প্রদর্শন (Rental Assistance Demonstration) কর্মসূচির অংশ, যা আবাসন কর্তৃপক্ষদের মূলধনের প্রয়োজনীয়তা পূরণে বেসরকারী অর্থায়নে অ্যাক্সেস প্রদান করে।

"কোনো পরিবারের তাদের বাসস্থান হারাবার আশঙ্কা থাকবে না এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর প্রয়োজন পূরণ করতে আমরা সমগ্র স্টেটে সরকারি আবাসনের বন্দোবস্ত করার জন্য অঙ্গীকারবদ্ধ", **গভর্নর কুওমো বলেন।** "জেনেভাতে 200-র উপর বাড়ি পুনরুজ্জীবিত এবং সংরক্ষণ করার মাধ্যমে, আমরা সেখানে বসবাসকারী পরিবারগুলির ভবিষ্যতের জন্য এবং ফিঙ্গার লেকস ফরোয়ারর্ডের উন্নতির জন্য একটি শক্তিশালী সম্প্রদায় গড়ে তোলার লক্ষ্যে বিনিয়োগ।"

"জেনেভাতে সাশ্রয়ী হাউজিং সম্প্রসারণ করতে এই তাৎপর্য্যপূর্ণ বিনিয়োগ ওই অঞ্চলের ব্যক্তি ও পরিবারবর্গের জন্য সহায়ক আবাসনের সংরক্ষণ করা নিশ্চিত করবে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আবাসন কর্তৃপক্ষের প্রকল্প 215টি ইউনিটকে আবাসিকদের জন্য সাশ্রয়ী রাখবে এবং সরকারী আবাসনের সুবিধা উন্নত করার সুযোগ দেবে। এই চুক্তিটি সাশ্রয়ী আবাসনের উন্নতিবিধান এবং তা বজায় রাখার জন্য এবং ফিঙ্গার লেকসের অর্থনীতির উন্নয়নের জন্য আমাদের ঐকান্তিক প্রচেষ্টার অংশ।"

1960 সালে নির্মিত, এল্মক্রেস্ট সিনিয়র অ্যাপার্টমেন্ট (Elmcrest Senior Apartments) এবং কোর্টইয়ার্ড অ্যাপার্টমেন্টে (Courtyard Apartments) মোট 199টি অ্যাপার্টমেন্ট আছে--যেগুলির ব্যপক সংস্কার করা হবে। প্রকল্পটি পূর্বেকার সেন্ট ফ্রান্সিস ডি সেলস স্কুলের (St. Francis de Sales School) 16টি নতুন সাশ্রয়ী গৃহের সংরক্ষণকেও অন্তর্ভূক্ত করবে। জেনেভা আবাসন কর্তৃপক্ষ (Geneva Housing Authority) এই সম্পত্তিগুলি দেখাশুনা করা অব্যাহত রাখবে।

এল্মক্রেস্ট সিনিয়র অ্যাপার্টমেন্ট এবং কোর্টইয়ার্ড অ্যাপার্টমেন্ট আপডেট করা রান্নাঘর এবং বাথরুম, ইলেক্ট্রিক্যাল এবং প্লাম্বিং আপগ্রেড, এলিভেটরের উন্নতিবিধান, নতুন ছাদ ও ইনসুলেশন, নতুন জানলা, সেইসাথে আরো সুযোগ সুবিধা যুক্ত কমিউনিটি রুম, ল্যান্ডস্কেপিং এবং পার্কিংকে অন্তর্ভূক্ত করবে।

পূর্বেকার সেন্ট ফ্রান্সিস ডি সেলস স্কুল, প্রকৃতপক্ষে 1823 সালে নির্মিত হয়েছিল, সেটি সংরক্ষণ করা হবে এবং প্রবীণদের জন্য 16টি এক-শয্যা বিশিষ্ট অ্যাপার্টমেন্টে রূপান্তরিত করা হবে। এই ফেসিলিটিতে করা সমস্ত সংস্কার স্টেট এবং যুক্তরাষ্ট্রের ঐতিহাসিক ঐতিহ্য সংরক্ষণের আবশ্যিকতাগুলি পূরণ করতে প্রকৃত স্থাপত্যটিকে রক্ষা করবে।

এই তিনটি বিল্ডিংয়ের সবকটিই এনার্জি স্টার তকমাযুক্ত সরঞ্জাম, ভিতরের ও বাইরের LED আলো, মোশন সেন্সর সহ আলো নিয়ন্ত্রণ, এবং কম-জল পড়ে এমন কল ও টয়লেট সহ আরও শক্তি সাশ্রয়কে অন্তর্ভূক্ত করবে।

হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) কমিশনার রুথান ভিসনসকাস বলেছেন, "এই বিনিয়োগ জেনেভাতে 215 জন প্রবীণ ব্যক্তি ও পরিবারের জীবনযাত্রার মান উন্নত করবে। গভর্নর কুওমোর 20 বিলিয়ন ডলারের আবাসন পরিকল্পনা নিউ ইয়র্ক বাসীদের জন্য সাশ্রয়ী আবাসনের এই গুরুত্বপূর্ণ উৎসটি সংরক্ষণ করতে সমগ্র স্টেটের সরকারি আবাসনে অতি প্রয়োজনীয় সরকারি ও বেসরকারি বিনিয়োগ নিয়ে এসেছে। ভবিষ্যৎ প্রজন্মের জন্য এই বাসস্থানগুলি সংরক্ষণ ও আপগ্রেড করার মাধ্যমে, আমরা জেনেভাতে একটি শলতিশালী অর্থনীতি গড়ে তুলছি এবং ফিঙ্গার লেকসের উন্নতি অব্যাহত রাখছি।"

আইনসভার সংখ্যালঘু নেতা ব্রায়ান এম. কব বলেছেন, "এটি একটি আকর্ষণীয় প্রকল্প যা স্থানীয় অর্থনীতিকে চাঙ্গা করার সাথে সাথে আমাদের কমিউনিটির প্রবীণদের জীবযাত্রার মান উন্নত করবে। এই 45 মিলিয়ন ডলারের বিনিয়োগ একটি শক্তিশালী বার্তা প্রেরণ করে যে যাদের সাশ্রয়ী আবাসনের প্রয়োজন, তাদের প্রাপ্য বাসস্থান এবং সহায়তা প্রদান করা হবে। জেনেভা আবাসন কর্তৃপক্ষ এবং এই গুরুত্বপূর্ণ উদ্যোগের পরিকল্পনা ও বাস্তবায়নের সাথে জড়িত সকলকে অভিনন্দন জানাই।"

সিনেটর পাম হেলমিং বলেছেেন, "নিরাপদ, সাশ্রয়ী আবাসন আমাদের কমিউনিটির সাফল্যের জন্য অতি গুরুত্বপূর্ণ। এই প্রকল্প কর্মরত পরিবার এবং প্রবীণ নাগরিক উভয়ের জন্যই আবাসনের বিকল্প বৃদ্ধিতে সহায়তা করবে। আমাদের কর্মসংস্থান-সৃষ্টিকারী ব্যবসা প্রথমে এবং সর্বাগ্রে আমাদের পরিবার ও কমিউনিটিগুলির সাফল্যের উপর নির্ভর করে, যাদের উন্নতি করতে এবং টিকে থাকতে সাশ্রয়ী, ভরসাযোগ্য আবাসন প্রয়োজন। HCR এর এই বিনিয়োগ জেনেভার জন্য গুরুত্বপূর্ণ এবং অনুপ্রেরণামূলক কারণ এটি আবাসন কর্তৃপক্ষকে 200টির বেশি অ্যাপার্টমেন্টের সংস্কার ও উন্নতিবিধানের সুযোগ করে দেবে। এই ধরণের প্রকল্প অর্থনৈতিক উন্নয়ন এবং কর্মসংস্থান সৃষ্টিতে সহায়তা করবে। আমি আমাদের অঞ্চলের পক্ষ থেকে HCR এবং জেনেভা আবাসন কর্তৃপক্ষ উভয়ের সাথে কাজ করা অব্যাহত রাখব।"

সরকারি আবাসন সংরক্ষণ এবং সাশ্রয়ী আবাসনের সুবিধা সম্প্রসারণের মাধ্যমে--দ্রুত অর্থনৈতিক উন্নয়ন সৃষ্টি করতে এবং কমিউনিটির উন্নয়নের জন্য অঞ্চলের ব্যপক পরিকল্পনায়--জেনেভা আবাসন কর্তৃপক্ষে এই বিনিয়োগ ফিঙ্গার লেকস ফরোয়ার্ড উদ্যোগের পরিপূরক। 2011 সাল থেকে, HCR ফিঙ্গার লেকসে 442 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে যা প্রায় 14,650 বাসিন্দার জন্য সাশ্রয়ী আবাসন তৈরি করেছে।

ডেভেলপমেন্ট টিম GHA নিয়ন্ত্রিত ফিঙ্গার লেকস কমিউনিটি ডেভেলপমেন্ট কর্পোরেশন (Finger Lakes Community Development Corporation) এবং 3d ডেভেলপমেন্ট গ্রুপ, এলএলসি (3d Development Group, LLC) কে অন্তর্ভূক্ত করেছে। ব্যাঙ্ক অফ আমেরিকা ইক্যুইটি পার্টনার এবং পশ্চিম সেনেকা, নিউ ইয়র্কের রেসেটারিটস কন্সট্রাকশন হল জেনারেল কন্ট্রাক্টর।

নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) এর অর্থায়নের মধ্যে থাকছে 4.2 মিলিয়ন মার্কিন ডলার কর-মুক্ত বন্ড, ফেডারেল নিম্ন-আয় আবাসন কর ক্রেডিট (Low Income Housing Tax Credits) যা প্রকল্পটির জন্য ইক্যুইটিতে মোট 17.5 মিলিয়ন মার্কিন ডলার এবং HCR ভর্তুকিতে অতিরিক্ত 15.4 মিলিয়ন মার্কিন ডলার সৃষ্টি করবে। অতিরিক্ত অর্থায়ন ফেডেরাল ও স্টেট হিস্টোরিক ট্যাক্স ক্রেডিট ইক্যুইটিতে 1.8 মিলিয়ন মার্কিন ডলারকে অন্তর্ভূক্ত করে। 215টি অ্যাপার্টমেন্টের সবকটিকে একটি নতুন, HUD RAD প্রোগ্রামের মাধ্যমে প্রকল্প-ভিত্তিক সেকশান 8 আবাসন সহায়ক পেমেন্টের (Project-Based Section 8 Housing Assistance Payment) আওতাভুক্ত করা হবে।

এই বিনিয়োগ সকল নিউ ইয়র্কবাসীর জন্য নিরাপদ, সাশ্রয়ী আবাসনের ব্যবস্থা করার জন্য নিউ ইয়র্ক স্টেটের যে অঙ্গীকার তা স্টেটের এই অভূতপূর্ব 20 বিলিয়ন মার্কিন ডলার মূল্যের পাঁচ-বছর মেয়াদী আবাসন পরিকল্পনায় (Housing Plan) প্রতিফলিত হয়। এই পরিকল্পনা আবাসন সহজলভ্য করে এবং 100,000 ইউনিট সাশ্রয়ী আবাসন ও 6,000টি সমর্থক আবাসন তৈরি ও সুরক্ষার মাধ্যমে গৃহহীনতার সাথে লড়াই করে। এই প্ল্যানটি পুরো স্টেটের আবাসনের সমস্যা সমাধানের জন্য একটি পূর্ণাঙ্গ পদ্ধতি, যাতে অন্তর্ভুক্ত রয়েছে একক ও যৌথ পরিবারের হাউজিং, সামাজিক উন্নয়ন আর ভাড়া স্থিতিশীলকরণ।

ফিঙ্গার লেকস ফরোয়ার্ডকে ত্বরান্বিত করা

আজকের ঘোষণা "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" এর সম্পূরক, এই এলাকায় ব্যপক অর্থনৈতিক এবং সামাজিক উন্নয়নের একটি সম্পূর্ণ ব্লুপ্রিন্ট। 2012 সাল থেকে স্টেট ইতিমধ্যে পরিকল্পনাটির বুনিয়াদ হিসেবে এই অঞ্চলে ফোটোনিকস, কৃষি ও খাদ্য উৎপাদন, এবং অগ্রসর উৎপাদন সহ মুখ্য শিল্পগুলিতে বিনিয়োগ করার মাধ্যমে 6.1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে। বর্তমানে, মহা মন্দার (Great Recession) পর থেকে বেকারত্ব সবচেয়ে কম হয়েছে; ব্যক্তিগত এবং কর্পোরেট আয়কর কমেছে এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলি উন্নতি ও বিনিয়োগ করার জন্য রোচেস্টার, বাটাভিয়া এবং কানানডাইগুয়ার মতো জায়গা বেছে নিচ্ছে।

এখন, এই অঞ্চলটি ডিসেম্বর 2015 তে গভর্নর কুওমো দ্বারা ঘোষিত আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট বিনিয়োগের মাধ্যমে ফিঙ্গার লেকস ফরোয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য ব্যক্তিগত ব্যবসায়ীদের উদ্দীপনা দেবে - এবং এলাকার জমাকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 8,200 এরও নতুন বেশি কর্মসংস্থান তৈরি হবে। আরও তথ্য [এখানে]() রয়েছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন